

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪৭

পরিচ্ছেদঃ গোলাম আযাদ করার ফ্যীলত

باب مَا جَاءَ فِي ثَوَابِ مَنْ أَعْتَقَ رَقَبَةً

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ الْهَادِ، عَنْ عُمَرَ بْنِ عَلِيّ بْنِ الْحُسَيْنِ بْنِ عَلِيّ بْنِ أَبِي هُرَيْرَةَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ أَعْتَقَ رَقَبَةً مُؤْمِنَةً أَعْتَقَ اللَّهُ مِنْهُ بِكُلِّ عُضْوِ مِنْهُ عُضْوًا مِنَ النَّارِ حَتَّى وسلم يَقُولُ " مَنْ أَعْتَقَ رَقَبَةً مُؤْمِنَةً أَعْتَقَ اللَّهُ مِنْهُ بِكُلِّ عُضْوِ مِنْهُ عُضْوًا مِنَ النَّارِ حَتَّى يُعْتِقَ فَرْجَهُ بِفَرْجِهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَعَمْرِو بْنِ عَبَسَةَ وَابْنِ عَبَّاسٍ وَوَاثِلَةَ يُعْتِقَ فَرْجَهُ بِفَرْجِهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَعَمْرِو بْنِ عَبَسَةَ وَابْنِ عَبَّاسٍ وَوَاثِلَةَ بْنِ الْأَسْقَعِ وَأَبِي أُمَامَةَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَكَعْبِ بْنِ مُرَّةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَا الْأَسْقَعِ وَأَبِي أُمَامَةَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَكَعْبِ بْنِ مُرَّةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَا اللَّهِ مُنْ هَذَا الْوَجْهِ . وَابْنُ الْهَادِ اسْمُهُ يَزِيدُ بْنُ عَبْدِ مِنْ هَذَا الْوَجْهِ . وَابْنُ الْهَادِ اسْمُهُ يَزِيدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أُسَامَةَ بْنِ الْهَادِ وَهُوَ مَدَنِيُّ ثِقَةٌ قَدْ رَوَى عَنْهُ مَالِكُ بْنُ أَسَامَةً بْنِ الْهَادِ وَهُو مَدَنِيُّ ثِقَةٌ قَدْ رَوَى عَنْهُ مَالِكُ بْنُ أَسَو وَغَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ

## বাংলা

১৫৪৭। কুতায়বা (রহঃ) ... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, কেউ যদি কোন মুমিন দাসকে আযাদ করে তবে আল্লাহু তা'আলা এর প্রতিটি অঙ্গের বিনিময়ে আযাদকারীর প্রতিটি অঙ্গকে জাহান্নামাগ্নি থেকে আযাদ করে দিবেন। এমনকি এর লজ্জাস্থানের বিনিময়ে তার লজ্জাস্থানকে মুক্তি দিবেন। সহীহ, ইরওয়া ১৭৪২, রাওযুন নাযীর ৩৫৩, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৪১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, আমর ইবনু আব্বাস, ইবনু আব্বাস, ওয়াসীলা ইবনু আসকা', আবৃ উমামা, কা'ব ইবনু মুররা এবং উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। তবে এই সূত্রে গারীব। রাবী ইবনুল হাদ (রহঃ)-এর নাম হল ইয়াযীদ ইবনু আবদুল্লাহ ইবনু উসামা ইবনুল-হাদ। তিনি মাদীনী এবং নির্ভরযোগ্য রাবী (ছিকা)। তার বরাতে মালিক ইবনু আনাস রাদিয়াল্লাহু আনহু সহ একাধিক আলিম হাদীস রিওয়ায়াত করেছেন।



## **English**

Narrated Abu Hurairah:

"I heard the Messenger of Allah (ﷺ) saying: 'Whoever frees a believing slave, then Allah frees a limb from the Fire for each of his limbs, such that he frees his private parts in lieu of his private parts.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন